# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭১৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১৭]

পর্ব-৮: মসজিদ (كِتَابُ الْمَسَاجِدِ)

পরিচ্ছেদঃ ২৪: মসজিদে উত্তম কবিতা পাঠের অনুমতি প্রদান

## الرخصة في إنشاد الشعر الحسن في المسجد

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ، قال: مَرَّ عُمَرُ، بِحَسَّانَ بْنِ ثَابِتٍ وَهُوَ يُنْشِدُ فِي الْمَسْجِدِ فَلَحَظَ إِلَيْهِ، فَقَالَ: قَدْ أَنْشَدْتُ وَفِيهِ مَنْ هُوَ خَيْرٌ مِنْكَ، ثُمَّ الْتَفَتَ إِلَى أَبِي هُرَيْرَةَ، فَقَالَ: أَسَمِعْتَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: أَجِبْ عَنِّي، اللَّهُمَّ أَيِّدْهُ بِرُوحِ الْقُدُسِ ؟ قَالَ: اللَّهُمَّ نَعَمْ.

تخريج دارالدعوه: صحيح البخارى/الصلاة ٦٨ (٤٥٣)، بدء الخلق ٦ (٣٢١٢)، الأدب ٩١ (٦١٥٢)، صحيح مسلم/فضائل الصحابة ٣٤ (٢٤٨٥)، سنن ابى داود/الأدب ٩٥ (٥٠١٣، ٥٠١٤) مختصراً، (تحفة الأشراف: ٣٤٠٢)، مسند احمد ٥/٢٢٢، وفى اليوم والليلة (١٧١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 717 ـ صحيح

বাংলা

৭১৬. কুতায়বাহ্ (রহ.) ..... সা’ঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন একদিন উমার (রাঃ) হাসসান ইবনু সাবিত (রাঃ) এর নিকট দিয়ে যাওয়ার সময় তাকে মসজিদে কবিতা পাঠ করতে দেখলেন। তিনি তার দিকে তীক্ষ্ণ দৃষ্টি নিক্ষেপ করলে তিনি বললেন, আমি তো মসজিদে ঐ সময় কবিতা আবৃত্তি করেছি, যখন তাতে আপনার চেয়ে উত্তম ব্যক্তি [রাসূলুল্লাহ (সা.)] হাজির ছিলেন। তারপর তিনি আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর দিকে লক্ষ্য করে বললেন, আপনি কি রাসূলুল্লাহ (সা.)-কে বলতে শুনেননি? আমার পক্ষ থেকে (কবিতার মাধ্যমে মুশরিকদের কবিতার) উত্তর দাও। [তিনি (সা.) এ দু'আও করেছিলেন] হে আল্লাহ! তাকে রূহুল কুদুস দ্বারা সাহায্য করুন।” তিনি বললেন, হে আল্লাহ! হ্যাঁ।

## English

24. The Concession Allowing The Recitation Of Good Poetry In The Masjid

It was narrated that Sa'eed bin Al-Musayyab said: Umar passed by Hassan bin Thabit while he was reciting poetry in the Masjid, and glared at him. He said: 'I recited poetry when there was someone better than you in the Masjid.' Then he turned to Abu Hurairah and said: 'Did you not hear the Messenger of Allah (ﷺ) when he said: Answer back on my behalf. O Allah, help him with the Holy Spirit!' He said: 'Yes, by Allah.'

### ফুটনোট

সহীহ: বুখারী ৪৫৩, ৩২১২; মুসলিম ২৪৮৫, সহীহাহ্ ৯৩৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ কুতায়বা ইবনু সাঈদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87090

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন